



# প্রথম আলো

প্রথম আলো, ১০-১১-২০২৪, পৃষ্ঠা- ১০

## প্রথম আলো

### ইষ্ট ওয়েস্টে রোবোটিকস প্রতিযোগিতা

ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটির রোবোটিকস ক্লাবের উদ্যোগে  
অনুষ্ঠিত হলো 'ন্যাশনাল রোবো ফেস্ট ২০২৪'।  
আয়োজনে দেশের ৮৫টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ৫২৬টি  
দলে দুই হাজারের বেশি শিক্ষার্থী অংশ নেন। ৭-৯  
নভেম্বর তিনি দিন ধরে ইষ্ট ওয়েস্টের আফতাবনগর  
ক্যাম্পাসে চলে উৎসব। অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ  
দেন ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা মোহাম্মদ  
ফরাসউদ্দিন, ট্রান্স বোর্ডের সদস্য খলিলুর রহমান, সহ-  
উপাচার্য এম আশিক মোসাদ্দিক, প্রাইম ব্যাংকের প্রধান  
প্রযুক্তি কর্মকর্তা এ ওয়াই এম মোস্তফা, রোবোটিকস  
ক্লাবের মডারেটর অধ্যাপক আহমেদ ওয়াফিস রেজা।

